

বিষয়: আরএস খতিয়ান সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ বাজেট অনুমোদন

অনুচ্ছেদ: ১০.০

১৮ জুন ২০১৫ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সঙ্গে এটুআইয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আলোকে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আরএস খতিয়ানসমূহ অনলাইনে প্রদর্শন, বিতরণের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিল, আবেদন প্রক্রিয়া এবং অনলাইনে মনিটরিংয়ের লক্ষ্যে এটুআইয়ের সহযোগিতায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর আরএস খতিয়ান সিস্টেম তৈরি করে। আরএস খতিয়ান সিস্টেম ব্যবহারের মাধ্যমে জনগণ তাঁর কাজিক্ত খতিয়ান ওয়েবসাইটে ([www.land.gov.bd](http://www.land.gov.bd)) দেখতে পাবে এবং ঐ খতিয়ানের জন্য জেলা রেকর্ডরুমে আবেদন করতে পারবে। জেলা রেকর্ডরুমের কর্মকর্তা ও কর্মচারীগণ এই সিস্টেম ব্যবহার করে নাগরিকদের মধ্যে খতিয়ান বিতরণ করতে পারবেন।

অনুচ্ছেদ: ১০.১

আরএস খতিয়ান সিস্টেম এর মাধ্যমে জনগণের দোরগোড়ায় ভূমিসেবা পৌঁছে দেয়ার পাশাপাশি মানুষের ভোগান্তি বহুলাংশে লাঘব করা সম্ভব, যা ভূমি রেকর্ড ব্যবস্থাপনায় এক অনন্য অর্জন হিসেবে বিবেচিত হতে পারে। ইতোমধ্যে ৫৩টি জেলার প্রায় ১ কোটি উপাত্ত এই সিস্টেমের মাধ্যমে প্রদর্শন ও প্রদান করা সম্ভব। এই সিস্টেমের মাধ্যমে খতিয়ান বিতরণের লক্ষ্যে এই বিষয়ে জেলা রেকর্ডরুমের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান প্রয়োজন।

অনুচ্ছেদ: ১০.২

বর্ণিত সমঝোতা স্মারকের ৫ অনুচ্ছেদ অনুযায়ী 'Second Party (এটুআই) will provide a comprehensive hands on training of the trainers designed by the First Party' (ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর) (পতাকা-ক)।

অনুচ্ছেদ: ১০.৩

বর্তমানে ৫৩টি (পতাকা-খ) জেলার খতিয়ান এই সিস্টেমের মাধ্যমে প্রদর্শিত হওয়ায় ঐ সকল জেলার রেকর্ডরুমের সহকারী কমিশনার (রেকর্ডরুম) ও দুজন করে অফিস সহকারী মোট ১৫৯ (একশত উনষাট) জনকে ৩ (তিন) টি ব্যাচে একদিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যে নিম্নরূপ বাজেট উপস্থাপন করা হলো:


| আরএস খতিয়ান সিস্টেম বিষয়ক ট্রেনিং (০১ দিনব্যাপী)-এর বাজেট: |             |   |              |              |          |     |           |              |         |
|--|-------------|---|--------------|--------------|----------|-----|-----------|--------------|---------|
| ক্রম   | ব্যয়ের খাত | ব্যয়ের বিবরণ                               | ব্যাচ সংখ্যা | অংশগ্রহণকারী | দিন/সেশন | মোট | একক মূল্য | ব্যয় (টাকা) | মন্তব্য |
| ১  | খাবার       | সকালে নাস্তা, দুপুরের খাবার, বিকালের নাস্তা | ১            | ৬০           | ১        | ৬০  | ৭৫০       | ৪৫০০০/-      |         |
| ২  | উপকরণ       | কলম, প্যাড, ফোল্ডার                         |              | ৫৩           | ১        | ৫৩  | ১৫০       | ৭৯৫০/-       |         |
| ৩  | ভাতা/ডিএসএ  | অংশগ্রহণকারী                                |              | ৫৩           | ১        | ৫৩  | ২০০০      | ১,০৬,০০০/-   |         |
| ৪  | সম্মানী     | রিসোর্স পারসন                               |              | ২            | ১        | ২   | ৩০০০      | ৬,০০০/-      |         |
| ৬  | সম্মানী     | প্রশিক্ষক                                   |              | ১            | ১        | ১   | ১০০০      | ১,০০০/-      |         |
| ৭  | সম্মানী     | সাপোর্ট স্টাফ                               |              | ১            | ১        | ১   | ৫০০       | ৫০০/-        |         |

## অনুচ্ছেদ: ১০.৬


মহোদয়ের ১০.৫ নম্বর অনুচ্ছেদের সদয় নির্দেশনার প্রেক্ষিতে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে যে টাকা প্রদান করা হয়েছে তার মধ্যে জেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের লক্ষ্যে কোন বাজেট বা বিষয় অন্তর্ভুক্ত নেই। এমতাবস্থায় ১০.৪ নম্বর অনুচ্ছেদবর্ণিত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে।



২৯-১-২০১৮ ১৪:৪৫:১৬  
মোহাম্মদ এনামুল হক  
ন্যাশনাল কনসালটেন্ট, ই-সার্ভিস




২৯-১-২০১৮ ১৫:১৬:২২  
ড. মোঃ আব্দুল মান্নান  
পরিচালক



২৯-১-২০১৮ ১৯:৯:৫৫  
জালাল উদ্দিন আহমেদ  
এডমিন স্পেশালিস্ট (অতিরিক্ত  
দায়িত্ব)

৩১-১-২০১৮ ১:৪:৫২  
আমীর চৌধুরী  
পলিসি অ্যাডভাইজর



৩১-১-২০১৮ ১৭:৫৬:৩১  
কবির বিন আনোয়ার  
প্রকল্প পরিচালক, প্রকল্প  
পরিচালকের দপ্তর



১১-২-২০১৮ ১৩:২:৩৯  
মোহাম্মদ এনামুল হক  
ন্যাশনাল কনসালটেন্ট, ই-সার্ভিস